Ph. – (03212) 242-235
Website : vmharipal.ac.in
E-mail : vmharipal@gmail.com

VIVEKANANDA MAHAVIDYALAYA ★ HARIPAL ★ HOOGHLY ★ ESTD-1966

Atmanam Vidhi

# VIVEKANANDA MAHAVIDYALAYA

HARIPAL * HOOGHLY* PIN – 712405
WEST BENGAL
*(NAAC Reaccredited Institution)*

**Dr. A. K. Samanta**
*Principal & Secretary*

Ref. No. ………………………………     Date. 29.06.2023……

# নোটিশ

এতদ্বারা সকল ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, পশ্চিমঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তর কর্তৃক জারি করা নির্দেশনা নম্বর 354-Ednc(CS) অনুযায়ী প্রথম বর্ষ ৪বছরের সাম্মানিক / গবেষণাসহ সাম্মানিক ডিগ্রী অথবা ৩বছরের স্নাতক ডিগ্রী (B.A./B.Com./B.Sc./BCA) কোর্সের ভর্তি প্রক্রিয়া চালু হবে।

- **০১.০৭.২০২৩** থেকে **১৫.০৭.২০২৩** তারিখ পর্যন্ত অনলাইনের মাধ্যমে আবেদনকারী আবেদন করতে পারবে মহাবিদ্যালয়ের **website – vmharipal.ac.in** এর মাধ্যমে।
- **১৮.০৭.২০২৩** তারিখে খসড়া মেধা তালিকা প্রকাশ করা হবে।
- **২০.০৭.২০২৩** তারিখে চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ করা হবে।
- মেজর কোর্সে ভর্তির প্রথম দফা **২১.০৭.২০২৩** থেকে **২২.০৭.২০২৩**
  দ্বিতীয় দফা **২৪.০৭.২০২৩** থেকে **২৫.০৭.২০২৩**
  তৃতীয় দফা **২৭.০৭.২০২৩** থেকে **২৮.০৭.২০২৩**
  চতুর্থ বা চূড়ান্ত দফা (পুনঃ দফা সহ) **৩০.০৭.২০২৩** থেকে **৩১.০৭.২০২৩** তারিখে প্রকাশ করা হবে।

১) যে সমস্ত ছাত্র-ছাত্রী ২০২০/২০২১/২০২২/২০২৩ সালে কোনো স্বীকৃত কাউন্সিল / বোর্ড / বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কলেজের প্রথম বর্ষে পথম সেমিস্টারে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে।

চার বছরের সাম্মানিক স্তরে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় কমপক্ষে ৪৫% নম্বর থাকতে হবে। ল্যাবরেটরি নির্ভর বিষয়ের ক্ষেত্রে Theory এবং Practical এ পৃথকভাবে পাস করতে হবে। ল্যাবরেটরি নির্ভর নয় এমন বিষয়ের ক্ষেত্রে Theory এবং Project এ পৃথকভাবে পাস করতে হবে।

তিন বছরের স্নাতক স্তরে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় কমপক্ষে ৩০% নম্বর থাকতে হবে। ল্যাবরেটরি নির্ভর বিষয়ের ক্ষেত্রে Theory এবং Practical এ পৃথকভাবে পাস করতে হবে। ল্যাবরেটরি নির্ভর নয় এমন বিষয়ের ক্ষেত্রে Theory এবং Project এ পৃথকভাবে পাস করতে হবে।

২) এছাড়াও যে সমস্ত ছাত্র-ছাত্রী স্নাতক স্তরে ২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষেও প্রখম সেমিস্টারে ভর্তি হয়েছিলে এবং বিশ্ববিদ্যালয়ের Registration করার পর পরীক্ষার From Fillup করেনি, তারা যদি নিয়মানুযায়ী যোগ্য বলে বিবেচিত হয়, তবে তারা এই কলেজের Intake Capacity র মধ্যে ভর্তি হতে পারবে।

৩) BCA (Honours) in Computer Application (Major) নিয়ে ভর্তি হওয়ার জন্য যে-কোনো স্বীকৃত কাউন্সিল / বোর্ড / বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় Mathematics / Statistics / Computer Science / Computer Application / ITUV / Business Economics & Mathematics পাস করতে হবে। CBSE Board এর ক্ষেত্রে Information Practice বিষয় থাকতে হবে।

৪) প্রত্যেক ছাত্র-ছাত্রী ৪বছরের (সাম্মানিক / গবেষণাসহ সাম্মানিক) ডিগ্রীর জন্য একইসাথে সর্বাধিক ৩টি মেজর কোর্স ও পাশাপাশি প্রত্যেক মেজর কোর্সের সাথে ১টি করে মাইনর কোর্স নির্বাচন করতে পারবে এবং ৩বছরের স্নাতক ডিগ্রীর জন্য একইসাথে সর্বাধিক ৩টি মেজর কোর্স ও পাশাপাশি প্রত্যেক মেজর কোর্সের সাথে ১টি করে মাইনর কোর্স নির্বাচন করতে পারবে কিন্তু প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ৩বছরের স্নাতক ডিগ্রীর জন্য ১টি মেজর কোর্স আবশ্যিক ভাবে পূরণ বরতে হবে।

৫) ৪ বছরের সাম্মানিক স্তরের ছাত্র-ছাত্রীদের Major subject টি Honours subject হিসাবে গণ্য হবে।

৬) ৩ বছরের স্নাতক স্তরের ছাত্র-ছাত্রীদের Major subject অনুযায়ী তাদের ডিগ্রি দেওয়া হবে।

৭) Major subject এ ভর্তি হওয়ার জন্য নির্দিষ্ট subject উচ্চমাধ্যমিকে (১০+২) বা সমতুল পরীক্ষায় থাকা আবশ্যক, তা নিম্নের লিঙ্কে ক্লিক করে দেখতে হবে।

**Click and view the subject table in order to choose subject as major**

৮) ৪ বছরের সাম্মানিক এবং ৩ বছরের স্নাতক স্তরে ভর্তির ক্ষেত্রে মেধাতালিকা তৈরির জন্য উচ্চমাধ্যমিকে (১০+২) বা সমতুল পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত চারটি বিষয়ে (প্রতিটির পূর্ণমান ১০০) মোট নম্বর এবং যে বিষয়টি Major হিসাবে আবেদন করবে সেই বিষয়ের প্রাপ্ত নম্বর যুক্ত করে Merit Score তৈরি হবে। Major বিষয়টি উচ্চমাধ্যমিকে (১০+২) বা সমতুল পরীক্ষায় না থাকলে Merit Score তৈরির ক্ষেত্রে আবেদনকৃত Major বিষয়ে প্রাপ্ত নম্বর নির্ধারণের জন্য যে বিষয়টি বিবেচিত হবে তা নিম্নের লিঙ্কে ক্লিক করে দেখতে হবে।

**Click and view the subject at 10+2 level marks of which is to be considered for Merit Score Calculation**

৯) প্রথম বর্ষের ছাত্র-ছাত্রীদের প্রথম সেমিস্টারে Merit Score এর ভিত্তিতে Intake Capacity অনুযায়ী ভর্তি Major subject এর নির্দিষ্ট Minor subject নির্বাচন করতে হবে তা নিম্নের লিঙ্কে ক্লিক করে দেখতে হবে।

**Click and view Major & Minor Subject, Intake Capacity and Fees structure**

১০) কোনো ছাত্র বা ছাত্রী ভর্তির সময় তিন বছরের স্নাতক স্তরে ভর্তি হয়ে পরবর্তীতে চার বছরের সাম্মানিক স্তরে পড়াশোনা করতে চাইলে সেক্ষেত্রে ছাত্র/ছাত্রীটি Lateral entry-র সুযোগ পাবে যদি 6th Semester পর্যন্ত Major Subject-এর CGPA কমপক্ষে 70% নম্বরের সমতুল হয়। এক্ষেত্রে ওই Major বিষয়ে সর্বোচ্চ 10% আসনে ছাত্রছাত্রীরা প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ওই কলেজে 7th Semester-এ ভর্তির সুযোগ পাবে। সমগ্র প্রক্রিয়াটি 6th Semester-এর Result প্রকাশিত হবার পর দশ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।

১১) অনলাইনে আবেদন পত্র পূরণ করার সময় ( যাবতীয় তথ্য, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও জাতি সংশাপত্র প্রমাণপত্র, আধার নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি ফটো ও স্বাক্ষর ) সঠিক ভাবে দিতে হবে। ভর্তির ফি জমা দিতে হবে অনলাইনের মাধ্যমে। আবেদন পত্র পূরণ করা তথ্য এবং ভর্তির ফি জমা দেওয়া তথ্য অতি যত্ন সহকারে আবেদনকারীর কাছে রাখতে হবে যা প্রথম বর্ষের ক্লাস শুরু হলে তথ্য যাচাই এর জন্য মহাবিদ্যালয়ে আনতে হবে। তথ্য ভুল হলে ভর্তি বাতিল হবে।

১২) দফা ভিত্তিক মেধাতালিকায় নাম থাকা সত্ত্বেও নির্দ্দিষ্ট সময়ে ভর্তি না হলে, মেধাতালিকা প্রকাশিত হওয়ার পরবর্তী ২দিনের মধ্যে উপযুক্ত প্রমাণসহ ইমেইল ( hvmadmission@gmail.com ) বা গুগল ফর্ম পূরণ করতে হবে। আসন খালি থাকলে ভর্তির সুযোগ থাকবে।

Vivekananda Mahavidyalaya ESTD: 1966 Haripal, Hooghly

Dr. A. K. Samanta
Principal
Vivekananda Mahavidyalaya
Haripal, Hooghly

ড. অসীম কুমার সামন্ত
অধ্যক্ষ

❖ ভর্তি সংক্রান্ত পরবর্তী নোটিশের জন্য কলেজের ওয়েবসাইট দেখতে হবে।